গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

"মানিকগঞ্জ জেলার বাচামারা, বাহাদুরপুর ও ধুলসুরা এলাকা নদী ভাঙ্গন হতে রক্ষাকরণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	১৩-১২-২০২১।
সভার সময়	বেলা ১২:৫০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব, উন্নয়ন-৩ শাখা, পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৯৪৭.৩৫ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারী, ২০২১ হতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত। প্রকল্পের বাস্তব অগ্রগতি ৪.০০% এবং আর্থিক অগ্রগতি ০.০০%। অতঃপর প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো প্রকল্পের বিস্তারিত তথ্য সভাকে অবহিত করেন।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(১)	প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা সভাকে জানান যে, ডিপিপি মোতাবেক প্রকল্পটি ডিসেম্বর, ২০২২ এর মধ্যে সমাপ্তের জন্য নির্ধারিত আছে। কিন্তু প্রকল্পের ভৌত কাজ টেকসই করার লক্ষ্যে জুন, ২০২২ এর মধ্যে কাজ সমাপ্ত করা আবশ্যক। প্রকল্পের অনুকুলে বর্তমান অর্থবছরে ৩০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পটি জুন, ২০২২ এর মধ্যে সমাপ্ত করার নিমিত্ত সম্পুর্ণ ৪৯৪৭.৩৫ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা প্রয়োজন।	(১) জুন ২০২২ এর মধ্যে সমাপ্তির লক্ষ্যে প্রকল্পের অনুকুলে সম্পূর্ণ অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) জুন' ২০২২ এর মধ্যে প্রকল্প সমাপ্তির জন্য মাস ভিত্তিক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ, পাসম, বাপাউবো ও প্রকল্প পরিচালক
(২)	প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল সভাকে আরও জানান, মানিকগঞ্জ জেলার দৌলতপুর উপজেলাধীন বাচামারা এলাকায় বাস্তবায়নাধীন Precautionary Protection কাজের প্রথম প্যাকেজ এম-ডব্লিউ-০১ এর ৬৫০ মিটার অংশে গত বন্যা মৌসুম পরবর্তী সময়ে অস্থায়ী চর জেগে উঠেছে। ডিজাইন এবং স্পেসিফিকেশন মোতাবেক উক্ত অংশে ডাম্পিং কাজ বাস্তবায়নের নিমিত্ত উক্ত চর অপসারন করা প্রয়োজন। সে লক্ষ্যে উক্ত প্যাকেজের (এম-ডব্লিউ-০১) সাশ্রয়কৃত অর্থ ব্যয়ে ভেরিয়েশন অনুমোদন সাপেক্ষে লাঞ্চিং এপ্রোনের চর অপসারন কাজ করা যেতে পারে।	(১) জিও-ব্যাগ ডাম্পিং কাজ বাস্তবায়নের নিমিত্ত প্যাকেজ নং এম-ডব্লিউ-০১ এর অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থেকে ভেরিয়শন অনুমোদন সাপেক্ষে লাঞ্চিং এপ্রোনের চর অপসারন কাজটি বাস্তবায়ন করতে হবে।	প্রকল্প পরিচালক

(৩)	বাস্তবায়নাধীন Precautionary Protection কাজের জরুরী মেরামতকল্পে এবং দীর্ঘস্থায়ী সুফল পেতে ডিপিপির প্রতিটি প্যাকেজের সাশ্রয়কৃত অর্থ হতে অনুমোদিত ডিপিপির প্যাকেজভিত্তিক ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থেকে প্যাকেজ নং এম-ডব্লিউ-০১ ব্যাতীত বাকী ০৬(ছয়)টি প্যাকেজের স্টক পাইল হিসেবে জিও-ব্যাগ সরবরাহ করা প্রয়োজন ।	(১) ডিজাইন সংশোধন পূর্বক ভেরিয়েশন অনুমোদনের মাধ্যমে সাশ্রয়কৃত অর্থ ব্যয়ে প্যাকেজ নং এম-ডব্লিউ-০১ ব্যতীত বাকী ০৬(ছয়)টি প্যাকেজের স্টক পাইল হিসেবে ২৫০ কেজি ওজনের জিও-ব্যাগ (পলিস্টার) সরবরাহ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৩.২১.৪৬৮

তারিখ: ১২ পৌষ ১৪২৮
২৭ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ:যুগ্মসচিব)।

২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১২) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

১৩) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১৫) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

১৬) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৭) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

১৯) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২১) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

২২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৩) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "মানিকগঞ্জ জেলার বাচামারা, বাহাদুরপুর ও ধুলসুরা এলাকা নদী ভাঙ্গন হতে রক্ষাকরণ" শীর্ষক প্রকল্প, মানিকগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ।

২৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়।

২৫) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব